# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**14 FEBRUARY 2025** **7:45—7:55**

---

১।আসাম সহ সমগ্র উত্তরপূর্বাঞ্চল দেশের অষ্টলক্ষী বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মন্তব্য ।

২। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আজ ব্রহ্মপুত্রের ওপর নির্মান করা গুয়াহাটী - উত্তর গুয়াহাটী সংযোগী কুমার ভাষ্কর বর্মা সেতু সহ বেশ কয়েকটি প্রকল্পের উদ্বোধন ।

৩। আগামী ১৬ ই ফেব্রুয়ারী থেকে আসাম বিধানসভার বাজেট অধিবেশন ।

এবং

৪। ১৫ নম্বর জাতীয় সড়কের গহপুর থেকে ১৭৫ নম্বর জাতীয় সড়কের নুমুলীগড় পর্যন্ত ব্রহ্মপুত্রের নীচ দিয়ে সড়ক এবং রেল চলাচলের সুবিধা যুক্ত দ্বৈত সুরুঙ্গ নির্মাণ প্রকল্পে কেন্দ্রীয় সরকারের অনুমোদন ।

---

আসাম সহ সমগ্র উত্তরপূর্বাঞ্চল দেশের অষ্টলক্ষী বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন্তব্য করেছেন । আজ গুয়াহাটীতে বি জে পি দলের বুথ বিজয় সংকল্প সভায় ভাষণ দিয়ে প্রধানমন্ত্রী বলেন যে বিগত ১১ বছর ধরে বি জে পি নেতৃত্বাধীন এন ডি এ সরকার উত্তরপূর্বাঞ্চলের উন্নয়নের জন্য গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করে আসছে ।প্রধানমন্ত্রী কংগ্রেস দলের সমালোচনা করে বলেন যে কংগ্রেস শাসনকালে এই অঞ্চলটির প্রতি অবহেলা করা হয়েছে ।শ্রী মোদী বলেন যে বিগত ১১ বছরে উত্তরপূর্বাঞ্চলের জন্য ৫ লক্ষ ৫০ হাজার কোটিরও বেশী টাকা মঞ্জুর করা হয়েছে । এবং অঞ্চলটির পরিকাঠামো ক্ষেত্রে অভুতপূর্ব উন্নয়ন পরিলক্ষিত হচ্ছে । বি জে পি নেতৃত্বাধীন সরকারের শাসনকালে আসাম দেশের উন্নয়নের চালিকা শক্তি হিসেবে পরিগণিত হয়েছে বলে তিনি মন্তব্য করেন ।

বাইট

প্রধানমন্ত্রী বলেন যে তাঁর সরকার অঞ্চলটির যোগাযোগ এবং পরিকাঠামো উন্নয়ন সহ যুব প্রজন্মের জন্য কর্মসংস্থানের সুবিধা সৃষ্টি করার জন্য কাজ করে যাচ্ছে । ২০২৬ - ২৭ অর্থবছরে কর হস্তান্তর ব্যবস্থার অংশ হিসেবে রেকর্ড পরিমানের ৪৯ হাজার ৭২৫ কোটি টাকা পৃথক করে রাখা হয়েছে । আসামে নদী পর্যটন ক্ষেত্রের বিকাশ সাধন করা হবে বলেও তিনি উল্লেখ করেন ।

---------------------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ব্রহ্মপুত্রের ওপর নির্মান করা গুয়াহাটী - উত্তর গুয়াহাটী সংযোগী কুমার ভাস্কর বর্মা সেতু উদ্বোধন করেন ।৩ হাজার কোটি টাকারও বেশী ব্যয় সাপেক্ষে নির্মাণ করা ১ দশমিক ২-৪ কিলোমিটার দৈর্ঘ্যের এই সেতুটি উত্তর - গুয়াহাটীর সঙ্গে উন্নত যোগাযোগ ব্যবস্থা

গড়ে তোলা সহ উত্তর গুয়াহাটীকে মহানগর হিসেবে গড়ে তোলার বিশেষ ভূমিকা পালন করবে । এই উপলক্ষে আজ লাচিতঘাটে আয়োজিত অনুষ্ঠানে রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য , মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা , কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল উপস্থিত ছিলেন ।এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শ্রী মোদী গুয়াহাটীতে ভারতীয় ব্যবস্থাপনা প্রতিষ্ঠান আই আই এমের অস্থায়ী প্রাঙ্গন উদ্বোধন করেন এবং কেন্দ্রীয় তহবিলের সাহায্যে ক্রয় করা ১০০ টিরও বেশী বৈদ্যুতিক বাস রাজ্য সরকারকে অর্পণ করেন ।প্রধানমন্ত্রী আমিনগাঁওয়ে একটি হাইপার স্কেল তথ্য কেন্দ্রও উদ্বোধন করেন ।এরপর প্রধানমন্ত্রী খানাপারায় বিজেপির দলীয় কর্মীদের  এক বৈঠকে অংশগ্রহণ করেন ।

এর পূর্বে  দিন ব্যাপী সফর সূচী নিয়ে আসামে আসা প্রধানমন্ত্রী শ্রী মোদী ডিব্রুগড় জেলার মরাণে জাতীয় সড়কের ওপর জরুরীকালীন অবস্থায় বিমান অবতরণ করার জন্য বিশেষ ভাবে গড়ে তোলা অবতরণ ক্ষেত্র উদ্বোধন করেন । প্রধানমন্ত্রীর বিমান আজ সকালে এই অবতরণ ক্ষেত্রে অবতরণ করে । প্রায় ১০০ কোটি টাকা ব্যয় সাপেক্ষে নির্মাণ করা ৪ দশমিক ২ কিলোমিটার দৈর্ঘ্যের এই অবতরণ ক্ষেত্রটি উত্তরপূর্বের প্রথম জরুরীকালীন বিমান অবতরণ ক্ষেত্র ।যুদ্ধ অথবা যে কোন জরুরীকালীন অবস্থায় পরম্পরাগত বিমান বন্দরগুলো অচল হয়ে পড়লে এই বিকল্প অবতরণ ক্ষেত্র সেনাবাহিনীর জন্য ফলপ্রসু হবে ।প্রধানমন্ত্রী সুখোয় -৩০ , রাফেল , তেজস যুদ্ধ বিমান সহ হার্কিউলিস এবং এন্টন’ভ এ এন থার্টি-টু পরিবহণ বিমানের অবতরণ এবং উড়ান কৌশল প্রত্যক্ষ করেন ।

---

আসাম বিধানসভার বাজেট অধিবেশন আগামী ১৬ ফেব্রুয়ারী আরম্ভ হবে । রাজ্যপালের ভাষণের মাধ্যমে আরম্ভ হওয়া এই বাজেট অধিবেশন ১৯ ফেব্রুয়ারী  পর্যন্ত

চলবে । অধিবেশনের দ্বিতীয় দিন ২০২৬-২৭ বর্ষের অর্ন্তবর্তী লেখানুদান বাজেট উত্থাপন করা হবে । আসন্ন বিধানসভা নির্বাচনের পরিপ্রেক্ষিতে পূর্ণাংগ বাজেটের পরিবর্তে অর্থ মন্ত্রী অজন্তা নেওগ লেখানুদান দাখিল করবেন । বাজেট অধিবেশনে পরবর্তী তিন অথবা  ছয়মাস রাজ্য চালানোর জন্য প্রয়োজনীয় অর্থ মঞ্জুর করা হবে । আগামী মে মাসে নতুন সরকার  শপথ নেওয়ার পর পরবর্তী বাজেট দাখিল করা হবে ।১৭ ফেব্রুয়ারী লেখানুদান দাখিলের পর রাজ্যপালের ভাষণের ধন্যবাদসূচক প্রস্তাব সম্পর্কে আলোচনা অনুষ্ঠিত হবে ।

---------------------------------------------------------------------------------------

উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ ,প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং বৈদেশিক পরিক্রমা মন্ত্রী ড.এস জয়শঙ্কর ২০১৯ সালে পুলওয়ামায় সংঘটিত সন্ত্রাসবাদী আক্রমণ নিহত বীর জওয়ানদের প্রতি শ্রদ্ধাঞ্জলী অর্পণ করেছেন । উপ-রাষ্ট্রপতি রাধাকৃষ্ণণ সামাজিক মাধ্যমে এক বার্তায় বলেন যে সুরক্ষা কর্মীদের বলিদান সর্বাদা স্মরণ করা হবে । তিনি বলেন তাঁদের বলিদান প্রতিটি নাগরিককে একটি শক্তিশালী ও নিরাপদ ভারতবর্ষ গড়ার জন্য কাজ করে যেতে অনুপ্রাণিত করে আসছে ।
প্রধানমন্ত্রী শ্রী মোদী তাঁর বার্তায় বলেন যে শহীদ জওয়ানদের দেশের প্রতি নিষ্ঠা সংকল্প ও সেবা দেশবাসীর মনে চির স্মরণীয় হয়ে থাকবে । তিনি বলেন যে প্রত্যেক ভারতীয় তাঁদের অদম্য সাহস থেকে প্রেরণা লাভ করে আসছে ।

বৈদেশিক পরিক্রমা মন্ত্রী ড.এস জয়শঙ্কর তাঁর বার্তায় বলেন শহীদদের বলিদান সীমান্তে চলা সন্ত্রাসবাদী কাজকর্মের বিরুদ্ধে শূণ্য সহনশীলতার নীতি অনুসরণ করার সংকল্প সুদৃঢ় করে তুলেছে ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার ১৫ নম্বর জাতীয় সড়কের গহপুর থেকে ১৭৫ নম্বর জাতীয় সড়কের নুমুলীগড় পর্যন্ত ব্রহ্মপুত্রের নীচ দিয়ে সড়ক এবং রেল চলাচলের সুবিধা যুক্ত দ্বৈত সুরুঙ্গ নির্মাণ প্রকল্পে অনুমোদন জানিয়েছে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর অধ্যক্ষতায় গতকাল অনুষ্ঠিত অর্থনৈতিক পরিক্রমা বিষয়ক কেবিনেট কমিটির বৈঠকে এই বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয় ।এই প্রকল্পের জন্য ১৮ হাজার ৬৬২ কোটি টাকা নির্ধারণ করা হয়েছে । মোট প্রকল্পের দৈর্ঘ্য হবে ৩৭ দশমিক ৭ কিলোমিটার । এর মধ্যে ১৫ দশমিক ৭-৯ কিলোমিটার পথ ব্রহ্মপুত্রের নীচে থাকবে ।উল্লেখ্য এটি হবে দেশের প্রথম জলের নীচের সড়ক এবং রেলের সুরুঙ্গ ।এই প্রকল্পের দ্বারা আসাম , অরুণাচল প্রদেশ , নাগালেন্ড এবং উত্তরপূর্বের অন্যান্য রাজ্যগুলো উপকৃত হবে । এর ফলে যাত্রী

পরিবহন ব্যয় এবং সময়ের সাশ্রয় হবে । এই প্রকল্পের মাধ্যমে প্রত্যক্ষ এবং পরোক্ষ নিয়োগ বৃদ্ধি পাওয়া সহ অঞ্চলটির সামগ্রিক বিকাশ ত্বরান্বিত হবে বলে আশা করা হচ্ছে ।

---------------------------------------------------------------------------------------

ভারতীয় ডাক বিভাগ দেশের সমৃদ্ধ ও বৈচিত্রময় পুতুল নাচ পরম্পরা উদযাপন করতে ৮টি স্মারক ডাক টিকিটের একটি সেট চালু করেছে । নতুনদিল্লীতে বেশকয়েকজন শিল্পী ও সাংস্কৃতিক জগতের ব্যাক্তিত্বদের উপস্থিতিতে ডাক বিভাগের সচিব বন্দিতা কৌলে এই ডাকটিকিটগুলি উন্মোচন করেন ।

ডাক টিকিট উন্মোচন অনুষ্ঠানে অংশগ্রহণ করে শ্রীমতি কৌলে বলেন যে দেশের ঐতিহ্যকে প্রতিনিধিত্ব করা ডাকটিকিটগুলি ক্ষুদ্র আকৃতির প্রতিনিধি । এটি ভারতের সমৃদ্ধ লোক শিল্পকে সংরক্ষণ করে । এই ডাকটিকিটসমূহ দেশের গতিশীল সাংস্কৃতিক ঐতিহ্যকে পুনরায় বন্দিত করবে বলে তিনি আশাপ্রকাশ করেন । এই স্মারক ডাকটিকিটসমূহ বিভিন্ন অঞ্চলের পুতুল শিল্পের নিদর্শনে সাজিয়ে তোলা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

কাছাড় জেলা প্রশাসন ,জেলা আয়ুক্তের কার্যালয় ও জেলা নির্বাচন আধিকারিক কাছাড়ের নেতৃত্বে আসন্ন বিধানসভা নির্বাচন ২০২৬ এর জন্য সব প্রয়োজনীয় লজিস্টিক্যাল , কারিগরি ও কার্যকরী ব্যাস্থাপনা সুষ্ঠু ,সফল ও দক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে একটি বিস্তৃত ,স্বচ্ছ ও সময়সীমাবদ্ধ ক্রয় ও এমপ্যানেলমেন্ট ও পরিষেবা সংযুক্তিকরণ প্রক্রিয়া কার্যকর করেছে ।

রাজ্যের মূখ্য নির্বাচন আধিকারিকের নির্দেশ অনুসারে জেলা প্রশাসন নির্বাচন সংক্রান্ত কাজের জন্য নির্ধারিত হারের বৈধতা বৃদ্ধি এবং এক বছরের জন্য এমপ্যানেলম্যান্ট কাঠামোর ধারাবাহিকতা কার্যকর করেছে । এরফলে সব অংশীদারদের জন্য ধারাবাহিকতা ,স্থিতিশীলতা ও প্রক্রিয়াগত স্বচ্ছতা নিশ্চিত হয়েছে । এই সুসংগঠিত প্রস্তুতি উদ্যোগের অংশ হিসেবে সকল এমপ্যানেলভুক্ত সরবরাহকারীকে বিজ্ঞপ্তিতে নির্ধারিত জোন ভিত্তিক হারে আগামী ২২ ফেব্রুয়ারীর মধ্যে তাঁদের এক্সপ্রেশন অফ ইন্টারেস্ট ( ই ও আই ) জমা দেবার নির্দেশ দেওয়া হয়েছে । বিস্তারিত তথ্যের জন্য জেলা নির্বাচন আধিকারিকের কার্যালয়ে যোগাযোগ করতে বলা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

লক্ষীপুর বিজ্ঞান ও গণিত সংস্থার উদ্যোগে আগামী ২৮ শে ফেব্রুয়ারী লক্ষীপুরের তোলেনগ্রামের পূণ্যবতী এম ই স্কুলে বিভিন্ন কার্যসূচীর মধ্য দিয়ে যথাযথ মর্যাদায়

জাতীয় বিজ্ঞান দিবস পালন করা হবে । আজ ওই বিদ্যালয়ে সংস্থার সভাপতি আই বিনোদ সিংয়ের পৌরহিত্যে অনুষ্ঠিত সভায় এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে ।
কার্যসূচীর মধ্যে রয়েছে--- ঐদিন সকালে সংস্থার পতাকা উত্তোলন ,বিদ্যালয়ের ছাত্র ছাত্রী সহ শিশুদের অংকন প্রতিযোগীতা ,আলোচনা সভা ইত্যাদি ।

------------------------------------------------------------------------------------------